

সতর্ক সংকেত
৩১ অগাষ্ট ২০২০

Foundation for Disaster Forum



আগামী পূর্ণিমায় (সেপ্টেম্বর ২ থেকে ৩) অস্বাভাবিক জোয়ারের সম্ভাবনা !!!

সেপ্টেম্বর মাসে (ভাদ্র-আশ্বিন) পূর্ণিমায় সাগরে অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয় এবং উপকূলীয় অঞ্চল জোয়ারের পানিতে প্লাবিত হয়। গত ২২ অগাষ্ট ২০২০ আমরা প্রতক্ষ্য করেছি ভাদ্রের মরা কাটালের ফলে উপকূলীয় এলাকা জোয়ারে প্লাবিত হয়েছে, একইভাবে ভরা কাটালেও জোয়ারের উচ্চতা থাকে বেশি। আগামী ২ থেকে ৩ সেপ্টেম্বর, ২০২০ (ভাদ্রের ভরা জোয়ার) উপকূলীয় অঞ্চল পরবর্তী জোয়ারে প্লাবিত হতে পারে এবং আবারোও উপকূলীয় জনপদ ব্যাপকভাবে জলমগ্ন ও দীর্ঘমেয়াদী জলাবদ্ধতার মুখোমুখি পড়তে পারে।

‘টাইডাল ফোরকাস্ট ডটকম’-এর তথ্য অনুযায়ী পশুরনদী এলাকায় অর্থাৎ খুলনা অঞ্চলে আজ (৩১ অগাষ্ট) রাত ৯.৩০ টায় জোয়ারের উচ্চতা হবে প্রায় ১০ ফুট, পূর্ণিমার সময় (২ থেকে ৩ সেপ্টেম্বর) জোয়ারের উচ্চতা আরো বেড়ে ১১ ফুটের উপরে থাকবে। আর চট্টগ্রাম অঞ্চলে এটা দাঁড়াতে ১৪ ফুটের উপরে। আমফান এবং চলতি জোয়ারের কারণে যেসব এলাকার বাঁধ ক্ষতিগ্রস্ত হয়েছে সেসব এলাকা ছাড়াও আরো নতুন নতুন এলাকা অধিক মাত্রায় জলমগ্ন হওয়ার আশংকা আছে।

অস্বাভাবিক জোয়ারে কম বয়সী শিশুদের পানিতে ডুবে যাওয়ার ঘটনা ইতিমধ্যে বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়েছে। এই সময়ে শিশুদের নিরাপত্তার দিকে বিশেষ দৃষ্টি দেয়া প্রয়োজন।



Tide chart for Chittagong



Tide chart for Pusur River

¹ <https://www.tide-forecast.com/countries/Bangladesh>